দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 14-DEC-2002
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪

# ঢাবির হল পর্যায়ের ছাত্রদলের কমিটিতে ঢোকার চেষ্টা করছে শিবিরের নেতাকর্মী

জনকণ্ঠ রিপোর্ট ॥ জাতীয়তাবাদী ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় হল পর্যায়ের কমিটিতে স্থান করে নেয়ার জন্য ছাত্রদলের পাশাপাশি ইসলামী ছাত্রশিবিরের নেতাকর্মীরা উঠেপড়ে লেগেছে। ছাত্রদলের ছদ্মাবরণে নিজ সংগঠনকে শক্তিশালী করে ক্যাম্পাসে প্রকাশ্যে আত্মপ্রকাশ করাই ছাত্রশিবিরের মূল লক্ষ্য। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মৌলবাদী রাজনীতি অঘোষিতভাবে নিষিদ্ধ থাকায় শিবির অন্যান্য ছাত্র সংগঠনে লুকিয়ে থেকে তাদের কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে। কখনও ছাত্রলীগ, কখনও ছাত্রদল আবার কখনও ছাত্র ইউনিয়নের নেতাকর্মী সেজে শিবির তাদের কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে।

আগামী কয়েকদিনের মধ্যেই জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় হল পর্যায়ের কমিটি গঠন করা হচ্ছে। একে সামনে রেখে শিবিরের নেতাকর্মীরা তৎপর হয়ে পড়েছে। শিবির সব সময় সরকারী সংগঠনের হয়েই বেশি কাজ চালায়। ক্যাম্পাসে এতদিন শিবিরের যে সকল নেতাকর্মীকে ছাত্রলীগের সভা-মিছিলে দেখা গেছে, তারাই নির্বাচনের পর পর ছাত্রদলে ঢুকে অতিউৎসাহী ভূমিকায় অবতীর্ণ হয়েছে। সর্বশেষ তারা ছাত্রদলের কমিটিতে ঢোকার জন্য মরিয়া হয়ে উঠেছে। চিহ্নিত অনেক শিবির নেতাকর্মীকে ছাত্রদলের বিভিন্ন হল কমিটিতে প্রার্থী হতে দেখা যাচ্ছে। প্রতিটি হলেই কোন না কোন শিবিরের কর্মী ছাত্রদলের প্রার্থী হচ্ছে। তবে মুহসীন, শহীদুল্লাহ, অমর একুশে, সলিমুল্লাহ, জহুরুল হক হলেই বেশি প্রার্থী দেখা যাচ্ছে। এসব হলে সভাপতি-সাধারণ সম্পাদকের মতো গুরুত্বপূর্ণ পদেও শিবির নেতাদের প্রার্থী হওয়ার খবর রয়েছে। টার্গেট হলো ক্যাম্পাসে সংগঠনকে শক্তিশালী করে প্রকাশ্যে আত্মপ্রকাশ। শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়েই নয় চট্টগ্রাম, রাজশাহী, ইসলামী বিশ্ববিদ্যালয়ের কমিটিতেও একই অবস্থা।